

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের সংক্ষিপ্ত নিয়ম (ﷺ) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

(২) সূরায়ে ফাতিহা পাঠ

(২) সূরায়ে ফাতিহা পাঠ : দো'আয়ে ইস্তেফতা-হ বা 'ছানা' পড়ে আ'উযুবিল্লাহ ও বিসমিল্লাহ সহ সূরায়ে ফাতিহা পাঠ করবে এবং অন্যান্য রাক'আতে কেবল বিসমিল্লাহ বলবে। জেহরী ছালাত হ'লে সূরায়ে ফাতিহা শেষে সশব্দে 'আমীন' বলবে।

সূরায়ে ফাতিহা (মুখবন্ধ) সূরা-১, মাক্কী :

أَعُوْذُ بِا للهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْم

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ (1) الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ (2) الرَّحْمَنِ الرَّحِيمِ (3) مَالِكِ يَوْمِ الدِّينِ (4) إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ (5) اَهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ (6) صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ غَيْرِ الْمَغْضَوُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ (7)

উচ্চারণ : আ'ঊযু বিল্লা-হি মিনাশ শায়ত্বা-নির রজীম। বিসমিল্লা-হির রহমা-নির রহীম। (১) আলহামদু লিল্লা-হি রবিল 'আ-লামীন (২) আর রহমা-নির রহীম (৩) মা-লিকি ইয়াওমিদ্ধীন (৪) ইইয়া-কা না'বুদু ওয়া ইইয়া-কা নাস্তা'ঈন (৫) ইহদিনাছ ছিরা-ত্বাল মুস্তাকীম (৬) ছিরা-ত্বাল্লাযীনা আন'আমতা 'আলাইহিম (৭) গায়রিল মাগযূবি 'আলাইহিম ওয়া লায্ যোয়া-ল্লীন।

অনুবাদ : আমি অভিশপ্ত শয়তান হ'তে আল্লাহর আশ্রয় প্রার্থনা করছি। পরম করুণাময় অসীম দয়ালু আল্লাহর নামে (শুরু করছি)। (১) যাবতীয় প্রশংসা আল্লাহর জন্য, যিনি জগত সমূহের প্রতিপালক (২) যিনি করুণাময় কৃপানিধান (৩) যিনি বিচার দিবসের মালিক (৪) আমরা একমাত্র আপনারই ইবাদত করি এবং একমাত্র আপনারই সাহায্য প্রার্থনা করি (৫) আপনি আমাদেরকে সরল পথ প্রদর্শন করুন! (৬) এমন লোকদের পথ, যাঁদেরকে আপনি পুরস্কৃত করেছেন (৭) তাদের পথ নয়, যারা অভিশপ্ত ও পথভ্রম্ভ হয়েছে'। আমীন! (হে আল্লাহ! আপনি কবুল করুন)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9146

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন